

হ'ল না

এত কোলাহলে প্রভু, ভাঞ্জিল না ঘুম;
কি ঘোর তামসী নিশা, নয়নে আনিল মোহ,
এ জীবন নীরব নিঝুম!
প্রেমিক হৃদয়গুলি, প্রেমানল-ষহিখা তুলি';
জয় প্রেমময়! বলি', তব পানে ধায়;-
সে বহি-পরশে মম,সিক্ত ইন্ধন-সম
হৃদি হ'তে উঠে শুধু ধুম।
সবারি পরাণ, নব অরুণ কিরণে তব,
ফুটিয়া দুলিয়া হাসি', সুরভি বিলায়;-
মোহালস টুটিল না,সে কিরণে ফুটিল না
আমরি এ হৃদয়-কুসুম।